D-07239

তারিখ বাংলা ১৪১৪ সনের ৪ঠা পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২০শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ -

পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

কোবালা দাতা ঃ

শ্রীমতী রূপা বিশ্বাস

শ্রী অরূপ বিশ্বাস

# সাফ বিক্রয় কোবালা

মুসাবিদাকারক
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।

10752 D-07239

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 007110

Additional District Sub-Registrar Bidhannagar (Salt Lake City)

20 DEC 2007

মূল্য ঃ ২২,৯৬,৮৭৫ (বাইশ লক্ষ ছিয়ানব্বই হাজার
আটশত পঁচাত্তর) টাকা পণ মূল্যের নিঃস্বত্ব

## সাফ বিক্রয় কোবালা পত্র

কোবালা গ্রহীতা ঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্যদ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫, এস. এন. ব্যানার্জী রোড, থানা - তালতলা, কোলকাতা- ৭০০ ০১৪।

কোবালা দাতা ঃ (১) **শ্রীমতী রূপা বিশ্বাস,** স্বামী - শ্রী নিমাই বিশ্বাস,পেশা - গৃহস্থালী, (২) **শ্রী অনুপ বিশ্বাস,** পিতা - শ্রী নিমাই বিশ্বাস, পেশা - ব্যবসা, উভয়ের জাতি - ভারতীয়, ধর্ম্ম - হিন্দু, উভয়ের সাকিন - শুলংগুড়ী কলোনীপাড়া, পোষ্ট - গৌরাঙ্গনগর, থানা - রাজারহাট, কলিকাতা- ৭০০ ০৫৯।

কস্য হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট স্বত্বীয় .০৭ (সাত) শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালি জমি মায় যাতায়াতের সর্ব্ব প্রকার সুযোগ সুবিধা সহ সম্পূর্ন নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় যোগ্য উত্তম স্বত্বের সাফ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ -

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল: নং - ২৩ , রে:স: নং - ২৩২, তৌজি নং -১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৩১৫ নং খতিয়ান ভুক্ত সম্পত্তি মায় চৌহদ্দি মতে ১২ (বার) কাঠা ৮(আঁট) ছটাক জমি মনীন্দ্র নাথ ঘোষ মহাশয় কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসে বিগত ইংরাজী ২৫/৫/১৯৬৮ তারিখে ১ নং বহির ৬৬ নং ভল্যুমে ৯৩ তেকে ৯৫ নং

S. K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

পাতায় ১৯৬৮ সালে নকলকৃত ৪৬৮৪ নং এককেতা রেজিষ্ট্রীকৃত কোবালা মূলে গৌরাঙ্গ নগর নিবাসী স্বর্গীয় অন্নদা চরণ ঘোষ মহাশয়ের পুত্র অপূর্ব কৃষ্ণ ঘোষ মহাশয়ের নিকট হইতে খরিদ করিয়া খাসে ভোগ দখলীকার থাকা অবস্থায় পরলোক গমন করিলে পর তাহার ত্যাক্ত সম্পত্তি তাহার স্ত্রী মরিবালা ঘোষ এবং দুইপুত্র অমিয় ঘোষ ও দিলীপ ঘোষ ওরফে স্বদেশ ঘোষ এবং পাঁচ কন্যা সবিতা ঘোষ, অপর্ণা ঘোষ, কল্পনা ঘোষ, অমিতা ঘোষ, ভারতী মন্ডল (ঘোষ) স্ত্রী পুত্র কন্যা ওয়ারিশান সূত্রে হিন্দু দায়ভাগা আইন অনুসারে তুল্যাংশে এজমালে খাসে স্বত্ববান স্বত্ববতী ভোগবান ও মালিক দখলিকার দখলকারিনী থাকাবস্থায় সকল শরিকগণের সম্মতি ক্রমে ও মরি বালা ঘোষ ২।।. কাঠা জমি বিক্রয় করিয়া বক্রী জমি জমা নিজ নিজ খাসে স্বত্ববান ভোগবান ও মালিক দখলিকার থাকাবস্থায়, উক্ত বর্তমান এল. আর. সেটেলমেন্ট চলাকালীন ভুল বশতঃ কেবল মাত্র উক্ত দিলীপ ঘোষ, অর্চ্চনা ঘোষ ও মরিবালা ঘোষ ত্রয়ের নাম বরাবর ৯৪৩/২, ২/২ ও ১৪১৬/১, নং খতিয়ানে রেকর্ড হয়। তৎপর মালিক দখলীকার থাকা অবস্থায় উক্ত মাতা মরিবালা ঘোষ ৩/৯/১৯৮৯ তারিখে ইহলোক ত্যাগ করিবার পর তাহার ত্যাক্ত সম্পত্তি অপরাপর শরীকগণ যথাক্রমে অর্পনা ঘোষ, সবিতা ঘোষ, অমিয় ঘোষ, অপর্ণা ঘোষ, অমিতা ঘোষ, ভারতী মন্ডল (ঘোষ), কল্পনা ঘোষ ও দিলীপ ঘোষ ওরফে স্বদেশ ঘোষ গং পৈত্রিক ও মাতার ওয়ারিশান সূত্রে সম ১/৮ অংশে প্রাপ্ত হইয়া এজমালে খাসে ভোগ দখল করিতে থাকা অবস্থায় নিজ নিজ অসুবিধা হেতু সকলে একমতাবলম্বী হইয়া গ্রাম লোকের উপস্থিতিতে আপোষে মৌখিক বিভাগ বন্টন করিয়া লইয়া ভোগ [redacted] করিতে থাকাকালীন বিগত ইংরাজী ২০০১ সালে

K. Chakraborty
Kanungo
Housing Board

১৫ই ফেব্রুয়ারী তারিখে এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত অর্পনা ঘোষ ও সবিতা ঘোষ উভয়ে একত্রে এ. ডি. এস. আর. বিধাননগর, সল্টলেক সিটি মোকামে এককেতা রেজিস্ট্রীকৃত কোবালা দ্বারা তাহাদের হাল ১২০৯ নং খতিয়ানে এল. আর. (কৃষি) ১৪১৬/১, ৯৪৩/২, ২/২ নং খতিয়ানে সাবেক (সি. এস.) ২৮৭৪/৩০১১ হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে ২/৮ অংশে কমবেশী .০৫ শতক বা কমবেশী ৩ কাঠা জমি অত্র কোবালা দাত্রী শ্রীমতী রূপা বিশ্বাস ও দাতা শ্রী অরূপ বিশ্বাসকে একত্রে একই দলিলে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তিতে চিরনিঃস্বত্ব হয়েন। যাহা ১নং বহির ৫২ নং ভলুমে ২৭৭ থেকে ২৮৭ নং পাতায় ২০০১ সালে ৯৭১ নং দলিল মূলে লিপিবদ্ধ আছে।

এবং অপর এক সাফ কোবালা দলিল মূলে উক্ত রূপা বিশ্বাস ও অরূপ বিশ্বাস (ইং ১৬ই মে ২০০১ তারিখে) শ্রীমতী কল্পনা মন্ডল (ঘোষ) মহাশয়ার নিকট হইতে উক্ত হাল (আর. এস.) ১২০৯ নং ও (এল. আর.) ১৪১৬/১, ৯৪৩/২, ২/২ নং খতিয়ানে সাবেক (সি. এস.) ২৮৭৪/৩০১১ নং দাগে হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে তাহার নিজ ১/৮ অংশ .০২৫০ শতক বা ১(এক) কাঠা ২(দুই) ছটাক শালি জমি অংশ এককেতা সাফ কোবালা দলিল মূলে লিলিপবদ্ধ ও নথিভুক্ত আছে। যাহা এ. ডি. এস. আর. বিধাননগর মোকামে ১নং বহির ২০০১ সালে ৩১৬৯ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে।

এবং অপর এক সাফ কোবালা দলিল মূলে উক্ত রূপা বিশ্বাস ও অরূপ বিশ্বাস অপর ভগ্নী শ্রীমতী অর্চ্চনা ঘোষের নিকট হইতে উক্ত হাল (আর. এস.) ১২০৯ নং ও (এল. আর.) ১৪১৬/১, ৯৪৩/২, ২/২ নং খতিয়ানে সাবেক(সি.এস.) ২৮৭৪/৩০১১ নং

A. K. Chakraborty
Kanungo
W.B. Housing Board

দাগে হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে ১/৮ অংশ বিগত ইংরাজী ২০০১ সালে ২৯শে মে তারিখে কমবেশী ১(এক) কাঠা ৪(চার) ছটাক শালি জমি খরিদ করেন। যাহা এ. ডি. এস. আর. বিধাননগর মোকামে ১নং বহির ৬৪ নং ভল্যুমে ১৮৯ হইতে ১৯৪ নং পাতায় ২০০১ সালে ৩৪৯১ নং দলিল মূলে লিপিবদ্ধ ও নথিভুক্ত আছে। উক্ত সম্পত্তি আমরা তিনটি দলিল মূলে মোট ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালি জমি খরিদ করিয়াছি তৎপর এল. আর. রেকর্ডে শ্রীমতী রূপা বিশ্বাস ২৩৬৭ নং খতিয়ানে ৩০৮২ নং দাগে ০.০৪ শতক এবং শ্রী অনুপ বিশ্বাস ২৩৬৮ নং খতিয়ানে ৩০৮২ নং দাগে ০.০৪ শতক মোট ০.০৮ শতক বা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালী জমি রেকর্ড ভুক্ত হইয়া এযাবৎকাল খাসে ভোগ দখল করিয়া আসিতেছি। যাহা দান বিক্রয় বিলি, বন্দোবস্ত ইত্যাদি সমস্ত রকম হস্তান্তরের ক্ষমতা আমাদের বিত্তমান।

এক্ষণে আমাদের নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হেতু আমাদের খরিদা নিম্ন তপশীল ভুক্ত কমবেশী ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালি জমি যাহা আমাদের আবেদনের ভিত্তিতে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** বিবেচনা করিলে আমরা অত্র কোবালা দাতাগণ বিক্রয় করিতে সম্মত হইলে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের** পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউজিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে ন্যায্য মূল্যে কাঠা প্রতি ৫,২৫,০০০ (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকা করিয়া মোট ২২,৯৬,৮৭৫ **(বাইশ লক্ষ ছিয়ানব্বই হাজার আটশত পঁচাত্তর) টাকা** প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণমূল্যের সমূহ

K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালি জমি অত্র সাফ কোবালা দলিল মূলে **পশ্চিমবঙ্গ আবাসান পর্ষদ** -কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরজমিনে মাপ সুরত সীমানা সহরৎ পূর্ব্বক আপনাকে মায় কোম্পানীকে উহার যথারিতী খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - কে সমুদয় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** - অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমাদের নামের পরিবর্তে **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি প্রদান পূর্ব্বক বিক্রয়, বিলি, বন্টন, পত্তনাদি সর্ব্ব প্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্ত গণক্রমে পরম সুখে নির্ব্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিকে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, লাভ লভ্য সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত বিলুপ্ত হইয়া **পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ** প্রতি নির্ব্ব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্শিল।

যদি আমি কিংবা আমাদের কোন ওয়ারিশানগণ অত্র বিক্রীত সম্পত্তিতে কোন প্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব প্রকার আদালতে সর্বতো ভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমরা ইতিপূর্বে অন্য কাহারো নিকট কোন প্রকার, দান, বিক্রয়, বিলি, পত্তনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা

M. Chakraborty
Kanungo
W.B. Housing Board

অন্য কোন কারনে কোন অফিস আদালতে কর্ত্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিম্বা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কার্য্যের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোর পোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ হয় নাই বা উহার কোন প্রকার ইনজাংশান জারি হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনামদার করি নাই বা উহা গভর্ণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্ত্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী বা খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্ব প্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরীত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমাদের স্বত্ব দখলের কোন গলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ণ দায়ী বা দন্ডনীয় হইব এবং আইনত ক্ষতি পূরণ সহ পণমূল্য সমুদয় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশান গণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত যাবতীয় কাগজপত্র যাহা বর্তমানে আমাদের নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাশ মতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশ গণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলের ভবিষ্যতে যদি কোন ভুল ভ্রান্তি, ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গণক্রমে আপনার খরচায় আপনার তলবে উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য রহিলাম বা থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকশায় লাল রঙের রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভাড়া বাঁধা, মন্ডপ নির্মাণ এবং উপর বা নিচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিকাশী ড্রেন, গ্যাসের পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মাণ প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারো কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পনের সমুদয় টাকা সাক্ষীগণের সম্মুখে গ্রহণ করতঃ এবং অত্র দলিলের সম্যক বিষয় বস্তু সম্পূর্ণ রূপে অবগত হইয়া, স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ বাংলা ১৪১৪ সালের ১৩ পৌষ, মোতাবেক ইংরাজী ২০০৭ সালের ২৯ ডিসেম্বর।

K. Chakraborty

## তপশীল বর্নিত বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা উত্তর ২৪ পরগণা,থানা - রাজারহাট, এ. ডি. এস. বিধাননগর সল্টলেক সিটি,পরগণা - কলিকাতা স্থিত মৌজা - ঘুনী গ্রামে জে:এল:নং - ২৩ , রে:স:নং - ২৩২, তৌজি নং - ১৭৮ ভুক্ত উর্দ্ধতন মালিক বর্তমান পশ্চিমবঙ্গ সরকার পক্ষে ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে পাট্টাই মৌরসী মোকররী হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট সাবেক (সি. এস.) ৩১৫ নং হাল (আর. এস.) ১২০৯ নং খতিয়ান ভুক্ত ১৩.৯০ শতক জমির বার্ষিক ৫১ টাকা ১৪ আনা জমা হইতে আগত কৃষি এল. আর. ১৪১৬/১, ৯৪৩/২, ২/২ নং খতিয়ানের অন্তর্গত, এল. আর. খতিয়ান নং - ২৩৬৭ ও ২৩৬৮।

সাবেক (সি. এস.) ২৮৭৪/৩০১১ নং দাগে হাল (আর. এস.) ৩০৮২ নং দাগে শালি ৩.৬০ শতক জমি হইতে চিহ্নিত মতে ৬৬ শতক উহার মধ্যে ১২ কাঠা ৮ ছটাক তাহার মধ্যে তিনটি কোবালা দলিল মূলে আমাদের খরিদা কমবেশী ৪(চার) কাঠা ৬(ছয়) ছটাক শালি জমি মায় চলাচলের যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র কোবালায় বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা জ্যাংড়া হাতিয়ানা ২ নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত। ইহার হারাহারি মতে বার্ষিক খাজনা পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা জেলা কালেকটার বাহাদুর অধিকারে সন সন প্রদেয়। অত্র সংলগ্ন নকসায় লাল রঙের রেখার দ্বারা চিহ্নিত ও সীমানকৃত। অত্র নকশা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

**- : যাহার চৌহদ্দি : -**

উত্তরে ঃ ৩০৮২ নং ও ৩০৮০ নং দাগে বিক্রীত অংশএবং পরিতোষ মন্ডল।

দক্ষিনে ঃ বাগজোলা খাল ও মেইন রোড।

পূর্বে ঃ ৩০৮২ নং দাগের বিক্রীত অংশ এবং তৎপর কমন প্যাসেজ ও রেনুকণা সরখেল মহাশয়ার উত্তরাধিকারীগণের সম্পত্তি।

পশ্চিমেঃ ৩০৮২ নং দাগের অংশ, ললিত মোহন ঘোষ।

K. Chakraborty
Kanungo
Housing ...

## টাকার জায়

১) ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭।
নং: ৫৭৯৯৬৬ তাং: ২৮/১২/২০০৭ — ১০,৮৮,৪৩৮.০০

২) নগদে ১০০০ x ৬০ = ৬০,০০০.০০

রূপা বিশ্বাস
Rupa Biswas

**মোটঃ ১১,৪৮,৪৩৮.০০ টাকা**

(মবলগে আমি রূপা বিশ্বাস ব্যাঙ্ক পে-অর্ডার ও নগদে মোট এগার লক্ষ আটচল্লিশ হাজার চারশত আটত্রিশ) টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ-

রূপা বিশ্বাস

১) সঞ্জিত বসুল
গ্রাম+পোঃ- গৌরাঙ্গ নগর
থানা- রাজারহাট
জেলা- উত্তর ২৪ পরগনা

২) রবী সাহু
গ্রাম+পোঃ- গৌরাঙ্গ নগর
থানা - রাজারহাট
জেলা - ২৪ পরগনা (উঃ)

M. Chakraborty
Kanungo
W. B. Housing Boar[d]

Anup Biswas
ক্রেতাবিক্রেতা

## টাকার জায়

১) ব্যাঙ্ক পে-অর্ডার মারফৎ প্রাপ্ত
এইচ. ডি. এফ. সি., সেন্ট্রাল প্লাজা শাখা,
শরৎ বসু রোড, কোলকাতা- ৭০০ ০১৭। ১০,৬৮,৪৩৭.০০
২) নগদে ৮০,০০০.০০

মোটঃ ১১,৪৮,৪৩৮.০০ টাকা

(মবলগে আমি অনুপ বিশ্বাস ব্যাঙ্ক পে-অর্ডার ও নগদে মোট এগার লক্ষ আটচল্লিশ হাজার চারশত আটত্রিশ) টাকা মাত্র বুঝিয়া পাইলাম)।

ইসাদি ঃ -

১) [illegible signature]

Anup Biswas

২) [illegible signature]

মুসাবিদাকারক :-
Debasish De
শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
হাইকোর্ট, কলিকাতা।

On behalf of W.B. Housing Board
PURCHASER
K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

টাইপকারক :-
Nityananda Guha
গুহ টাইপ চেম্বার
১২, ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট
কলিকাতা- ৭০০ ০০১।

K. Chakraborty
Kanungo
W. B. Housing Board

(1)

SIGNATURE OF THE PRESENTANT/ EXECUTANT/SELLER/ BUYER/CAIMENT WITH PHOTO

# UNDER RULE 44A OF THE I.R. ACT 1908

N.B. - LH BOX-SMALL TO THUMB PRINTS
R.H. BOX- THUMB TO SMALL PRINTS

Rupa




রূপা বিশ্বাস

LH.
RH.



ATTESTED :- রূপা বিশ্বাস

Anup



Anup Biswas

LH.
RH.



ATTESTED :- Anup Biswas



N. Chakraborty
Kanungo
W. B. Housing Board

LH.
RH.



ATTESTED :- Swapan Kumar Chakraborty

N. Chakraborty
Kanungo
W. B. Housing Board

Government Of West Bengal
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
BIDHAN NAGAR
Endorsement For deed Number :I-07239 of :2007
(Serial No. 10752, 2007)

**On 20/12/2007**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 17.08 on :20/12/2007,at the Private residence by Swapan Kr Chakraborty,Claimant.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

**On 26/12/2007**

**Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.-10/-

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 25256/- on:26/12/2007

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs-2296875/-

Certified that the required stamp duty of this document is Rs 114844 /- and the Stamp duty paid as: Impresive Rs- 5000

**Deficit stamp duty**

Deficit stamp duty : Rs 110000/- is paid by the draft no. :124137, Draft date:19/12/2007, Bank name:STATE BANK OF INDIA, Ballygunge Kol, recieved on :26/12/2007.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on :26/12/2007 by

1. Rupa Biswas, wife of Nimai Biswas,Sulanguri,Thana Rajarhat, By caste Hindu,by Profession :Cultivation
2. Anup Biswas, son of Nimai Biswas,Sulanguri,Thana Rajarhat, By caste Hindu,by Profession :Cultivation
3. Swapan Kr Chakraborty,Paschimbanga Abasan Parsad,105 S N Banerjee Rd, profession :Cultivation

Identified By Sanjay Baral, son of . Gouranganagar Rajarhat Thana: Rajarhat, by caste Hindu,By Profession :Business.

Name of the Registering officer :**Nurul Amin Khan**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Nurul Amin Khan]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

**SITE PLAN OF LAND. PART OF R. S. DAG NO.-3082..**
**R.S. KH.NO.- 1209 .. L. R. KH.NO.- 1416/1, 943/2, 2/2**
**AT MOUZA - GHUNI.. J. L. NO.- 23.. UNDER- JYANGRA-HATIARA 2 NO. GRAM PANCHAYET..P.S.-RAJARHAT..**
**DISTRICT -NORTH 24 PARGANAS..**

SCALE - N.T.S.

N


**VENDEE**
WEST BENGAL HOUSING BOARD.

**VENDOR**

**P. NO. - 1,**
AREA- 2K. 0 CH. ,
MST. MONJULA AHAMED.

**P. NO. -2,**
AREA- 1K. 4 CH.(M/L)
SRI. SUNIL BERA &
SMT. CHANDITA BERA.

**P. NO. - 3,**
AREA- 4K. 6 CH. ,
SRI. ANUP BISWAS
SMT. RUPA BISWAS.




VENDOR'S SIGNATURE

1.
2. Anup Biswas
3.
4.
5.

DRAWN BY

*MD. SARWARDI*
*VILL+P.O.- GHUNI*
*KOLKATA - 700059*

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 6
Page from 8103 to 8118
being No 07239 for the year 2007.

(Nurul Amin Khan) 03-January-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal

তারিখ বাংলা ১৪১৪ সালের ৯ই পৌষ
মোতাবেক ইংরাজী ২০০৭ সনের ২৫শে ডিসেম্বর।

কোবালা গ্রহীতা ঃ

**পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ**

কোবালা দাতা ঃ

শ্রী শঙ্কর মন্ডল

## সাফ বিক্রয় কোবালা

শ্রী দেবাশীষ দে
এ্যাডভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
১২ ওল্ড পোষ্ট অফিস ষ্ট্রীট,
কোলকাতা- ৭০০ ০০১।